# মে/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময় ঃ ২৪/৫/২০২২ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর ৯১২৭ হেঃ জমিতে বোরো ধান আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হলেও চুড়ান্তভাবে ৯১৮৫ হেঃ জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। এর মধ্যে হাইব্রিড-৩৭৫০ হেঃ, উফশী-৫৪০৫ হেঃ এবং স্থানীয়-৩০ হেঃ। ইতোমধ্যে ৭৮% বোরোধান কর্তন সম্পন্ন হয়েছে। শতভাগ বোরো জমির ধান পাকা থাকলেও শ্রমিক সংকটের কারণে কর্তন কিছুটা বিলম্ব হচ্ছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা দেয়া হয়েছে কৃষকদের পাশে থেকে দ্রুত ধান কর্তনের পরামর্শ প্রদানের জন্য। আগামী ১০ দিনের মধ্যে শতভাগ বোরো ধান কর্তন সম্পন্ন হবে। নমুনা শস্য কর্তনের মাধ্যমে দেখা যাচ্ছে যে, বোরো ধানের ফলন ভালো হয়েছে। যা জাতীয় লক্ষ্যমাত্রার চেয়ে বেশী। ভূট্টা কর্তন শতভাগ সম্পন্ন হয়েছে। ফলন খুবই ভালো হয়েছে। আউশ ধানের রোপন শুরু হয়েছে। অনুকূল পরিবেশ থাকায় এবং উদ্বুদ্ধকরণের মাধ্যমে আউশ আবাদের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব। এছাড়া মাঠ ফসলের অবস্থা ভালো। কৃষকদের সাথে মাঠ পর্যায়ে ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপভিত্তিক আলোচনা, মাঠদিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। সম্ভাব্য বন্যাসহ যেকোন প্রাকৃতিক দুর্যোগে কৃষকদের পাশে থাকার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা দেয়া হয়েছে এবং নিয়মিত মাঠ পরিস্থিতি মনিটরিং করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম ভালোভাবে চলছে। ইনডোর ও আউটডোরে ডা. রয়েছেন। কোভিড-১৯ রোধকল্পে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী না থাকার কারণে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কার্যক্রম ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। পরিচ্ছন্নতা কর্মী না থাকার কারণে ময়লা আবর্জনা পরিষ্কার কার্যক্রম অসুবিধার সৃষ্টি হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>রাজস্ব খাত<br>০১। ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনে গ্যারেজ সংলগ্ন টয়লেট নির্মান এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ফ্লোর মেরামত বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রাক্কলন তৈরি করা হয়েছে। যা PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>খ) দেওয়ানগঞ্জ-বকশীগঞ্জ রাস্তার ক্ষতিগ্রস্থ অংশে বাঁশের প্যালাসাইডিংসহ ব্যাটস ফিলিং করন কাজ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রাক্কলন তৈরি করা হয়েছে। যা PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>গ) দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আইসোলেশন ভবনের সম্প্রসারন কাজের বরাদ্দ বাবদ=৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রাক্কলন তৈরি করা হয়েছে। যা RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ঘ) উপজেলা পরিষদের গ্যারেজ ও গাড়ী ধোয়ার স্থান নির্মান অতিরিক্ত কাজের জন্য বরাদ্দ বাবদ=৩৪,৭২৫/- (চৌত্রিশ হাজার সাতশত পঁচিশ) টাকা। সংশ্লিষ্ট প্রকল্পের প্রাক্কলন সংশোধন করে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br>ঙ) উপজেলা পরিষদের নতুন ভবন হতে পুরাতন মসজিদ পর্যন্ত রাস্তা আর সিসি ঢালাই করন কাজের বরাদ্দ বাবদ=১৯,৮০,০০০/- (উনিশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলন তৈরি করা হয়েছে। যা RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**ADP**<br>চ) এডিপির ৫% Less এর অর্থে পোল্যাকান্দি হাফিজিয়া মাদ্রাসার ফ্লোর ও রং করন কাজের বরাদ্দ বাবদ=১,৬৮,৬২০/- (এক লক্ষ আটষট্টি হাজার ছয়শত বিশ) টাকা প্রাক্কলন তৈরি করা হয়েছে। যা PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ছ) এডিপি প্রকল্পের টেন্ডার এর ৫% Less এর অর্থ দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন ব্যয় (১%) এবং আনুষংগিক ব্যয় (০.৫%) বরাদ্দ=১,২৭,৯৮০/-(এক লক্ষ সাতাশ হাজার নয়শত আশি) টাকা PIC এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) উল্লিখিত কাজ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উক্ত কাজ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আইসোলেশন ভবনের সম্প্রসারন কাজের বরাদ্দ বাবদ=৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার কাজ RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।<br>ঘ) উপজেলা পরিষদের গ্যারেজ ও গাড়ী ধোয়ার স্থান নির্মান অতিরিক্ত কাজের জন্য বরাদ্দ বাবদ=৩৪,৭২৫/- (চৌত্রিশ হাজার সাতশত পঁচিশ) টাকা সংশ্লিষ্ট প্রকল্পের প্রাক্কলন সংশোধন করে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) উপজেলা পরিষদের নতুন ভবন হতে পুরাতন মসজিদ পর্যন্ত রাস্তা আর সিসি ঢালাই করন কাজের বরাদ্দ বাবদ=১৯,৮০,০০০/- (উনিশ লক্ষ আশি হাজার) টাকার কাজ RFQ পদ্ধতিতে ০২ (দুই) টি প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) এডিপির ৫% Less এর অর্থে পোল্যাকান্দি হাফিজিয়া মাদ্রাসার ফ্লোর ও রং করন কাজের বরাদ্দ | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | ০২। জনাব নাজনীন বেগম, সভাপতি, রেজিষ্ট্রিপাড়া মহিলা উন্নয়ন সমিতি, দেওয়ানগঞ্জ, জামালপুর এবং জনাব মোঃ জালালুল আজিম চিশতী, বাদেশশারিয়াবাড়ী, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর গত ২৫/৫/২০২২ খ্রি. তারিখ আবেদনের প্রেক্ষিতে "দেওয়ানগঞ্জ পৌরসভাধীন বাদেশশারিয়াবাড়ী ষ্টেশন রোড হতে আজিমনগর পর্যন্ত" রাস্তাটি শহীদ বীর মুক্তিযোদ্ধা মরহুম আনোয়ারুল আজীম (ছানা) এঁর নামে নামকরণের লক্ষে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৩। জনাব নাজনীন বেগম, সভাপতি, রেজিষ্ট্রিপাড়া মহিলা উন্নয়ন সমিতি, দেওয়ানগঞ্জ, জামালপুর এবং বীর মুক্তিযোদ্ধা মোঃ এনায়েত হোসেন (বীর প্রতীক), চিকাজানী, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর গত ২৫/৫/২০২২ খ্রি. তারিখ আবেদনের প্রেক্ষিতে "দেওয়ানগঞ্জ পৌরসভাধীন চিকাজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চার রাস্তা মোড়টি" বীর মুক্তিযোদ্ধা মোঃ এনায়েত হোসেন সুজা (বীর প্রতীক) চত্তর নামে নামকরণের লক্ষে সূত্রঃ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় স্মারক নং-মু-বি-ম/সা/জামাল/প্রঃ৩/১২/২০০২/৪৭৯, তারিখ ঃ ২০ শে ভাদ্র ১৪১০ ও ৪ ঠা সেপ্টেম্বর ২০০৩ খ্রি. মূলে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৪। জনাব নাজনীন বেগম, সভাপতি, রেজিষ্ট্রিপাড়া মহিলা উন্নয়ন সমিতি, দেওয়ানগঞ্জ, জামালপুর এবং জনাব মোঃ ফজলে রাব্বী জুয়েল, সাবেক চেয়ারম্যান, পাররামরামপুর, গ্রাম-তারাটিয়া, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর গত ২৫/৫/২০২২ খ্রি. তারিখ আবেদনের প্রেক্ষিতে " দেওয়ানগঞ্জ উপজেলা তারাটিয়া বাজার চৌরাস্তার মোড়ে বাজার চত্তর" বীর মুক্তিযোদ্ধা গাজী নাছির উদ্দিন এঁর নামে নামকরনের লক্ষে সূত্রঃ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় স্মারক নং-মু-বি-ম/সা/জামাল/প্রঃ৩/১২/২০০২/৪৬৮, তারিখ ঃ ০৬/৮/১৪০১ বাংলা এবং ২০/১০/২০০২ খ্রি. মূলে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৫। জনাব দি, ম খোরশেদ আলম, পিতা-বীর মুক্তিযোদ্ধা মরহুম আজিজুর রহমান, গ্রাম-মন্ডল পাড়া, পোঃ তারাটিয়া বাজার, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর গত ২০/৪/২০২২ খ্রি. তারিখ আবেদনের প্রেক্ষিতে "ভাতখাওয়া আর.এইচ.ডি হতে মন্ডলপাড়া ইউ.জেড.আর রাস্তা" বীর মুক্তিযোদ্ধা মরহুম আজিজুর রহমানের নামে নামরকরনের লক্ষে সূত্রঃ মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় স্মারক নং৪৮.০০.০০০০.০০৫.১৬.০০৫.২০-১৬৯, তারিখ ঃ ২৯/১০/২০২০ খ্রি. এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, স্মারক নং-১১. ০০.০০০০.৭১১.০৬.০০৩.১১/১৫৬, তারিখ ঃ ০৮/১০/২০২০ খ্রি. মূলে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাবদ=১,৬৮,৬২০/- (এক লক্ষ আটষট্টি হাজার ছয়শত বিশ) টাকার কাজ PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ছ) উল্লিখিত অর্থ দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন ব্যয় (১%) এবং আনুষংগিক ব্যয় (০.৫%) বরাদ্দ=১,২৭,৯৮০/-(এক লক্ষ সাতাশ হাজার নয়শত আশি) টাকা PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। "দেওয়ানগঞ্জ পৌরসভাধীন বাদেশশারিয়াবাড়ী ষ্টেশন রোড হতে আজিমনগর পর্যন্ত" রাস্তাটি শহীদ বীর মুক্তিযোদ্ধা মরহুম আনোয়ারুল আজীম (ছানা) এঁর নামে নামকরণের লক্ষে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। "দেওয়ানগঞ্জ পৌরসভাধীন চিকাজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চার রাস্তা মোড়টি" বীর মুক্তিযোদ্ধা মোঃ এনায়েত হোসেন সুজা (বীর প্রতীক) চত্তর নামে নামকরণের লক্ষে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। " দেওয়ানগঞ্জ উপজেলা তারাটিয়া বাজার চৌরাস্তার মোড়ে বাজার চত্তর" বীর মুক্তিযোদ্ধা গাজী নাছির উদ্দিন এঁর নামে নামকরনের লক্ষে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫।"ভাতখাওয়া আর.এইচ.ডি হতে মন্ডলপাড়া ইউ.জেড.আর রাস্তা" বীর মুক্তিযোদ্ধা মরহুম আজিজুর রহমানের নামে নামরকরনের লক্ষে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশ প্রকল্পের আওতায় নলকূপগুলোর কাজ খুব শীঘ্রই শুরু হবে। যে সকল ইউনিয়ন হতে নলকূপের তালিকা পাওয়া যায়নি তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। এ, আর, পির কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। আর্সেনিক স্কিনিং এর কাজ পুনরায় শুরু হয়েছে। এছাড়াও অন্যান্য দপ্তরীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | আলোচনাক্রমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। উপজেলা হতে সর্বমোট ২৫,০৭৩ জন বিভিন্ন কার্যক্রমের ভাতা প্রাপ্য হন নগদের মাধ্যমে।<br>০২। হিজরাদের ১২ দিন ব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>০৩। পবিত্র ঈদ উল ফিতরের আগে ১০ জনকে আর্থিক সাহায্য প্রদান করা হয়।<br>০৪। মোট ০৬ টি দুরারোগ্য যেমন-ক্যান্সার, কিডনি লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া, জন্মগত হৃদরোগ এককালীন =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান দেয়া হয়।<br>০৫। এই মাসে ০২ জনকে =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান দেয়া হয়েছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ০১। অত্র উপজেলার সমবায় সমিতিসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন হচ্ছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন। | | |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর ২০২১-২০২২ অর্থবছরের ২য় পর্যায়ের কাজ গত ১৪/৫/২০২২ খ্রি. তারিখ শুরু হয়েছে। আগামী ১০/৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত কার্যক্রম চলমান থাকবে। পরবর্তীতে সময় বাড়লে আরও কাজ করানো সম্ভব হবে। সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ এবং ট্যাগ অফিসারগণকে নিবিড়ভাবে পরিদর্শনপূর্বক প্রকল্পের কাজ গুনগত মান ঠিক রেখে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী প্রতি সপ্তাহের বৃহস্পতিবার শ্রমিক মজুরী বিল দাখিল করার নির্দেশনা থাকলেও অদ্যবধি কোন ইউনিয়ন হতে বিল পাওয়া যায়নি। প্রত্যেক সপ্তাহের বিল প্রতি সপ্তাহে দাখিল করার জন্য সকল সম্মানীত ইউপি চেয়ারম্যাগণকে অনুরোধ করা হয়।<br>০২। পবিত্র ঈদ উল ফিতর/২২ উপলক্ষ্যে ভিজিএফ বিতরণ কার্যক্রম ঈদের পূর্বেই সম্পন্ন করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত দেওয়ানগঞ্জ, বাহাদুরাবাদ ও চিকাজানী ইউনিয়নের ভিজিএফ বিতরণের মাষ্টাররোল পাওয়া যায়নি। খুব শীঘ্রই মাষ্টাররোল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।<br>০৩। উপজেলা পরিষদ ওয়ারী টি আর ৩য় পর্যায় এবং কাবিটা ও কাবিখা ২য় পর্যায়ের প্রাক তালিকা জেলা কর্নধার কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।<br>০৪। বার্ষিক উন্নয়ন কর্মসূচী এইচবিবি প্রকল্পের আওতায় চরআমখাওয়া ইউনিয়নে ৫৪০ মি. বাহাদুরাবাদ ইউনিয়নে ৫৪০ মি. এবং চিকাজানী ইউনিয়নে ১০০০ মি. রাস্তার কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজ তদারকির জন্য অনুরোধ করা হলো।<br>০৫। বার্ষিক উন্নয়ন কর্মসূচী ব্রীজ কালভার্ট প্রকল্পের আওতায় চরআমখাওয়া ইউনিয়নে ০১ টি, চিকাজানী ইউনিয়নে ০১ টি, বাহাদুরাবাদ ইউনিয়নে ০১ টি, হাতীভাংগা ইউনিয়নে ০১ টি এবং ডাংধরা ইউনিয়নে ০১ টি ব্রীজের কাজ চলমান আছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজের ব্যাপারে ঠিকাদারকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১২/৫/২০২২ খ্রি. তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়সমূহ কোভিড-১৯ পূর্ববর্তী সময়ের ক্লাস রুটিন অনুযায়ী পুরোপুরি শুরু হয়েছে। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী উপস্থিতি বৃদ্ধির নিমিত্ত অভিভাবকদের উদ্বুদ্ধকরণের জন্য সম্মানীত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। গত ১৬ মে হতে নতুন পোর্টালে জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত সময়ের উপবৃত্তির তথ্য এন্ট্রি দেয়ার কাজ চলমান আছে। আন্তঃপ্রাথমিক ক্রীড়া প্রতিযোগিতার ইউনিয়ন পর্যায়ের প্রতিযোগিতা চলছে। আগামী ০৬/৬/২০২২ খ্রি. ও ০৭/৬/২০২২ খ্রি. তারিখ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ০৪/৬/২০২২ খ্রি. তারিখ হতে ২৩/৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত থেকে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। স্লীপ, বিদ্যালয় সংস্কার/মেরামত কাজ চলমান রয়েছে। সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের এবং বিদ্যালয়ে ছাত্র/ছাত্রী উপস্থিতির হার বৃদ্ধির লক্ষ্যে সম্মানীত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ডিগ্রী ও কামিল পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। "বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা" এবং জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। জুন/২২ মাসে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ফরম পূরণসহ সকল কার্যক্রম শেষ হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় কার্যক্রম সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মে/২২ মাসে মোট সক্ষম দম্পতি ৬০২৪৫ জন, মোট গ্রহণকারী ৪৮৪০৫ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৩৫%। আইইউডি-১২ জন, স্থায়ী পদ্ধতি-০৮ জন মহিলা, ইমপ্ল্যান্ট-৯৪ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯৯০৬ পিস, আপন-২৮০ চক্র, কনডম-১৫২৮৬ পিস, ইনজেকশন-২২১৯ ভায়াল। গর্ভকালীন সেবা প্রদান ১১৭২ জন, প্রসব পরবর্তী সেবা প্রদান ২৬২ জন, নবজাতকের সেবা প্রদান ২৬২ জন, প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬০ জন এবং কিশোর/কিশোরী সেবা ২৭১১ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। এই মাসে কৃত্রিম প্রজনন ৮০০ টি, সংকর জাতের বাছুর ৩৯৬ টি উৎপন্ন।<br>০২। উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় প্রান্তিক খামারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>০৩। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় গরু (বকনা বাছুর) বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হয়েছে। | মৎস্য দপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ০২। আগামীকাল বেলা ১১-০০ ঘটিকায় ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় ফুটানি বাজার নৌ-ঘাট সংলগ্ন মাঠে জনসচেতনতার সভা আয়োজন করা হয়েছে।<br>০৩। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | | |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>আত্নকর্মসংস্থান ঋণ কর্মসূচী ঃ<br>উপকারভোগীর সংখ্যা-৯৫৮ জন। ঋন সংখ্যা-১৬২১ জন। চলতি অর্থবছরে ২৯ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=১৯,৬০,০০০/- টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন=৩,২৬,৮৫,৮০০/- টাকা। চলতি মাসে আদায়যোগ্য =২,৫২,১১০/- ও চলতি মাসে আদায়কৃত =১,৭৮,৩১০/-। চলতি মাসে আদায়ের শতকরা হার ৭১%। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য=২,৯০,২২,৯৪২/-। ক্রমপুঞ্জিত আদায় =২,৬৫,৩৬,৭৫৩/-। আদায়ের শতকরা হার ৯১%। খেলাপী টাকার পরিমান=১৮,২৬,৬৬৭/- টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- ৪,৮০,০০০/- টাকা।<br>উপকারভোগীর সংখ্যা- ২৭৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান- ২৯,৮০,০০০/-<br>চলতি মাসে আদায়যোগ্য- ৮৬,৪০০/-<br>চলতি মাসে আদায়ের শতকরা হার- ৩৩%<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২৫,২৮,৮০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৬১,১৬০/-<br>ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮২%<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পঃ চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>চলতি মাসে আদায়যোগ্য ০০/- এবং চলতি মাসে আদায়কৃত-০০/-<br>চলতি মাসে আদায়ের শতকরা হার ০০%<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৭৩,৩৪১/-<br>আদায়ের শতকরা হার-৮২%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-৬৯ জন ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ- ২৮১৯ জন<br>মহিলা-৩২১ জন মহিলা-৪৪15 জন<br>মোট- ৩৯০ জন মোট- ৭২৩৪ জন<br>আত্নকর্মী সৃজন- পুরুষ- ২৬৬ জন তালিকাভূক্ত যুব সংগঠনের সংখ্যা- ২৭ টি<br>মহিলা- ১৬৪ জন সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি<br>মোট- ৪৩০ জন<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>০২। IGA ফ্যাশন ডিজাইন এবং বিউটিফিকেশনের ৩৪ এবং ১৫ তম ব্যাচের প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৩। সেলাই প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী বাছাই হয়েছে।<br>০৪।KKC কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তির শূন্যপদের প্রশিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৫। মা ও শিশু সহায়তা কার্যক্রমের পৌরসভার উপকারভোগীর আবেদন অনলাইনে সম্পন্ন হয়েছে।<br>০৬। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | মহিলা বিষয়ক অফিসের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। মেয়াদীত্তীর্ণ খেলাপী ঋণ আদায় ০.৪০ টাকা<br>০২। একজন বীর মুক্তিযোদ্ধাকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে।<br>০৩। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকার কারণে বিভাগীয় সম্পর্কিত আলোচনা সম্ভব হয়নি। | | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>০১। মার্চ/২২ মাসের মোট ঋণ আদায় =৬৭.২৮ লক্ষ টাকা।<br>০২। মার্চ/২২ মাসের মোট ঋণ বিতরণ =৫৬.২৫ লক্ষ টাকা।<br>০৩। দিন ব্যাপী ০৯ জন অডিটর গত সপ্তাহে অডিট করেছেন। অডিটে কোন আর্থিক আপত্তি নেই।<br>০৪। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| ১৮) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) মোট সমিতির সংখ্যা ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪৩৬৪ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৫৫৫৩০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৫৯,৪৬,০০০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৭,৫৫,০০০/-<br>চ) ঋন আদায় হার- ৯৭%<br><br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭৮ জন<br>খ) মোট ঋন বিতরণ- ৬,০০,০০০/-<br>গ) মোট ঋন আদায়- ১০,৩০,০০০/-<br>ঘ) আদায় হার- ৯৮%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১২০% | ঋণ আদায় ও প্রদান কার্যক্রম ভালোভাবে বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৯) | ডিজিএম পল্লী বিদ্যুৎ ঃ<br>এজিএম পল্লী বিদ্যুৎ সভাকে অবহিত করেন যে,<br>০১। সকল সরকারি অফিসে মোট =৪২,২৫,২৮৬/- (বিয়াল্লিশ লক্ষ পঁচিশ হাজার দুইশত ছিয়াশি) টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। জুন/২২ মাসের মধ্যে উক্ত বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>০২। ঝড় বৃষ্টির কারণে বিদ্যুৎ লাইন ক্ষতিগ্রস্থ হয়। স্বল্প লোকবলে দ্রুত গাছপালা অপসারন করা সম্ভব হয়না। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।<br>০৩। চরাঞ্চলে অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/<br><br>উপজেলা নির্বাহী অফিসার/ এজিএম পল্লী বিদ্যুৎ |
| ২০) | ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ ঃ<br>ষ্টেশন মাষ্টার, সভায় উপস্থিত না থাকায় আলোচনা সম্ভাব হয়নি। | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ষ্টেশন মাষ্টার |
| ২১) | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ ঃ<br>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ জানান যে, তাঁদের সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। যে কোন জায়গা থেকে কখনও যদি আগুন লাগার খবর আসে বা যে কোন দুর্ঘটনার খবর পাওয়ার সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনারোধ কল্পে সকল কার্যক্রম সম্পাদন করা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র উপজেলা, পৌরসভার অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরে OMS খাতে ০৩ জন ডিলারের মাধ্যমে ২৯২.৫০০ মে. টন আটা ও ৬২৮.৫০০ মে. টন চাউল বিক্রয় করা হয়েছে। বোরো সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে।<br>সংগ্রহ- বোরো সিদ্ধ চাউল-১৯.৭১০, বোরো ধান-২.০০০<br>মজুদ- চাউল-১১৬৮.২৫৪ মে. টন, ধান-২.০০০ মে. টন, গম-৪.৮০৭ মে. টন,<br>খালিবস্তা-১,৬৫,২২৯ টি। এছাড়াও অনলাইন ভিত্তিক ধান বিক্রয়ের আবেদন চলমান রয়েছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৩) | উপজেলা পাট বিভাগ ঃ<br>উপজেলা পাট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকার কারণে বিভাগ সম্পর্কিত আলোচনা সম্ভব হয়নি। | | উপজেলা পাট কর্মকর্তা |
| ২৪) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে,<br>০১। উপজেলা তথ্যকেন্দ্রে মে/২২ মাসের বরাদ্দ না পাওয়ার কারনে এই মাসে কোন উঠান বৈঠক করা হয়নি।<br>০২। ২০১৯ হতে মে/২২ পর্যন্ত ডোর টু ডোর তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে মোট ২৩,২৮৮ জন গ্রামীন সুবিধা বঞ্চিত মহিলাদের বিভিন্ন বিষয়ে সেবা প্রদান করা হয়। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, সভাস্থ সকলকে ছালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নের চল্লিশ দিনের কর্মসূচী কিছু বিল বকেয়া রয়েছে। বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>নবাগত চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান সভায় সকলকে ছালাম জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নে সাবেক ইউপি চেয়ারম্যান মরহুম আজিজুর রহমান সাহেবের বাড়ি পাশে একটি ব্রীজ রয়েছে। ব্রীজটি ভেংগে গেছে। জনগণের চলাচলের অনুপযোগী। পাশে কাঠের সাকো নির্মাণ করা হয়েছে। সেখানে ব্রীজটি সংস্কার/মেরামত করা বা নতুন ব্রীজ নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য | উন্নয়নমুলক কার্যক্রম ভালোভাবে সকলের সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ করেন। সানন্দবাড়ী বাজার হতে মৌলভীর চর পর্যন্ত রাস্তা বৃষ্টিতে বিভিন্ন জায়গায় ভেংগে গেছে। জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হয়। সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। | | |
| ২৭) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কিছু বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা বিষয়ক সমস্যা রয়েছে। বিষয়টি উপজেলা সমাজসেবা কর্মকর্তার মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও বিভিন্ন রাস্তা-ঘাট জনগণের চলাচলের সুবিধার্থে সংস্কার/মেরামত প্রয়োজন। প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপলো নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>নবাগত হাতীভাংগা ইউপি চেয়ারম্যান, সভায় সকলকে শুভেচ্ছা জানান। তাঁর ইউনিয়নের চকপাড়া হতে নয়া গ্রম পর্যন্ত রাস্তা ভেংগে চলাচলে অনুপযোগী হয়ে পড়েছে। সংস্কার/মেরামত প্রয়োজন। উন্নয়নমুলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি কলাকান্দা হতে পূর্ব দপর পাড়া পর্যন্ত রাস্তায় জনগণের চলাচলের সুবিধার্থে ব্রীজ নির্মাণ প্রয়োজন। এছাড়াও বিগত তিন বছর যাবত ১% টাকা পাননি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | উল্লিখিত বিষয়গুলোর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, সরকারের নির্দেশনা অনুযায়ী মুজিব শত বর্ষের বিভিন্ন অনুষ্ঠান পালনসহ ইউনিয়নের উন্নয়নমূলক কার্যক্রম সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় সুন্দর ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হয়ে থাকে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মেয়র ঃ<br>মেয়র দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। দেওয়ানগঞ্জ মডেল থানার সামনে একটি কাঠের সাকো রয়েছে। যা প্রায়ই সংস্কার/মেরামত করতে হয়। সেখানে আরেকটি ব্রীজ খুব শীঘ্রই নির্মাণ করা হবে। যার ফলে ওপারের জনগণ নির্বিঘ্নে সুন্দরভাবে চলাচল করতে পারবে। দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসা |
| ৩৪) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব বিকাশ কবির ইমরান, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি সভায় দেওয়ানগঞ্জ উপজেলার যে কোন উন্নয়নমূলক কার্যক্রম সহ সকল বিষয় মাননীয় এমপি জনাব আবুল কালাম আজাদ মহোদয়কে অবহিতকরনের মাধ্যমে দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সকলকে অনুরোধ করেন। সভাস্থ সকলকে আন্তরিক অভিবাদন জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলকসহ বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে ছালাম ও শুভেচ্ছা জানান। ডাংধরা ইউপি চেয়ারম্যানকে তাঁর ইউনিয়নে একটি সোয়েটার ফ্যাক্টরী নির্মাণের সুন্দর উদ্যোগ গ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভিন্ন জায়গায় এমপিগণ বিভিন্ন রাস্তা বা ভবনের নামকরণ করেন। কিন্তু মাননীয় এমপি মহোদয় নিজের নামে কোন রাস্তা বা ভবনের নাম করণ করেন না। তাই নৌ টার্মিনালটি জনাব আবুল কালাম আজাদ লঞ্চ নৌ টার্মিনাল করার জন্য সভায় অনুরোধ জানান। অত্র উপজেলায় সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন অনুষ্ঠান পরিচালিত হয়। তাই নিজস্ব লোকবল দিয়ে অনুষ্ঠানগুলো সঞ্চালন ও পরিচালনা করা যায় কিনা এ বিষয়ে সভায় আলোচনা করেন। দেওয়ানগঞ্জ বাজারের ভিতর রাস্তা প্রশস্ত নয়। বড় একটি ট্রাক বাজারের ভিতর ঢুকলে যানজটের সৃষ্টি হয়। তাই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৬) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, হাতীভাংগা ইউনিয়নের চখার চর ব্রীজ ভেংগে যাওয়ার উপক্রম হয়েছে। জনসাধারণের চলাচলে অসুবিধা সৃষ্টি হচ্ছে। ব্রীজটি সংস্কার/মেরামত প্রয়োজন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপ- নির্বাহীঅফিসার |
| ৩৭) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় সভায় নতুন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। সভায় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণ কার্যক্রম নিয়ে আলোচনা করেছেন। বৃষ্টি | সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজে |

| | | | |
|---|---|---|---|
| | অথবা বন্যায় বিভিন্ন এলাকায় বিভিন্ন জায়গায় রাস্তা ক্ষতিগ্রস্থ হয়। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হয়। রাস্তা-ঘাট, ব্রীজ কালভার্ট সংস্কার/মেরামতসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে ভালোভাবে কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। প্রতিমাসে একবার এই উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শারীরিক সুস্থ্যতার জন্য দোয়া কামনা করে, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর জন্য দোয়া চেয়ে এবং সভায় উপস্থিত সকলের সুস্থ্যতা ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন। | | লা নির্বাহী অফিসার |
| ৩৮) | মে/২২ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। মে/২২খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | এপ্রিল/২২ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৬,২৫০/- (ছাব্বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৯) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/<br>উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৪০) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ টি হাট বাজার ১৪২৯ বঙ্গাব্দে ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হলে সর্বশেষ ৩১/৩/২০২২ খ্রি. তারিখে অত্র উপজেলার ১৩ টি হাট বাজারের মধ্যে ১১ টি হাট বাজার দরপত্র প্রাথমিকভাবে হাট-বাজর ইজারা মূল্যায়ন কমিটি অনুমোদন করেন। ০৮ টি হাটের ইজারাদারগণ হাটের সাকুল্য টাকা পরিশোধ করেছেন। অবশিষ্ট ০৩ টি হাট ক)সানন্দবাড়ী হাট, খ) কাউনিয়র চর হাট এবং গ) ঝালর চর হাটের ইজারাদারগণ এখনো ইজারার টাকা পরিশোধ করেননি। তাদেরকে মৌখিক ও টেলিফোনিকভাবে নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধের জন্য অনুরোধ করা হয়। অন্যথায় হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত হবে এবং পুনরায় ইজারা প্রদান করা হবে। অবশিষ্ট ০২ টি হাটের ইজারা না হওয়ায় খাস আদায় কমিটির মাধ্যমে আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ইজারাদারগণ নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত এবং হাট পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪১) | উপজেলা পরিষদের ০১ জন কর্মচারীর উচ্চতর গ্রেড অনুমোদন ঃ<br>উপজেলা পরিষদ, চেয়ারম্যান, কার্যালয়ে কর্মরত মোঃ আবু ছাইম, জীপ চালক, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর এর চাকুরীকাল ১৬/৪/২০১২ ইং তারিখ হতে ১৬/৪/২০২২ খ্রি.তারিখে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৭(১) ধারা অনুযায়ী ১ম উচ্চতর গ্রেড পাওয়ার আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ, চেয়ারম্যান কার্যালয়ে কর্মরত ০১ (এক) জন কর্মচারী মোঃ আবু ছাইম, জীপ চালক ১৬/৪/২০১২ ইং তারিখ হতে ১৬/৪/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চাকুরীকাল ১০ বছর পূর্ণ হওয়ার প্রেক্ষিতে ১ম উচ্চতর গ্রেড মঞ্জুরের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪২) | বিবিধ ঃ<br>ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী এঁর অভিপ্রায় অনুযায়ী "জমি আছে ঘর নাই" আওতায় ০১ জন সুবিধাভোগীকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের মাধ্যমে ঘর প্রদান করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>খ) উপজেলা প্রশাসনের নৌকাটি নির্মাণ করার পর অদ্যবধি মেরামত না করায় বন্যাকালীন সময়ে ত্রাণ সামগ্রী বিতরণ ও জনসাধারণকে আশ্রয়কেন্দ্রে নিয়ে আসার জন্য অনুপযোগী হয়ে পড়েছে। বন্যা পরিস্থিতি মোকাবিলা করার জন্য নৌকাটি সংস্কার/মেরামত প্রয়োজন। সংস্কার/মেরামত বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>গ) সানন্দবাড়ী কলেজ, দেওয়ানগঞ্জ, জামালপুর স্মারক নং-সা/ক/২৪২৭/২২, তারিখ ঃ ২৪/৪/২০২২ খ্রি. মূলে প্রতিষ্ঠানের গভর্নিং বডির সিদ্ধান্ত মোতাবেক কলেজ অভ্যন্তরে কিছু গাছ বন বিভাগ কর্তৃক মূল্য নির্ধারণপূর্বক কর্তন প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ঘ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এ বিষয়ে আলোচনা করা হয়। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের মাধ্যমে "জমি আছে ঘর নাই" আওতায় ০১ জন সুবিধাভোগীকে ঘর প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা প্রশাসনের নৌকাটি বন্যাকালীন সময়ে ত্রাণ সামগ্রী বিতরণ ও জনসাধারণকে আশ্রয়কেন্দ্রে নিয়ে আসার জন্য সংস্কার/মেরামত বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) উল্লিখিত কলেজ অভ্যন্তরে গাছ কর্তনপূর্বক নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ)উল্লিখিত ব্যয় বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>গ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>ঘ) চেয়ারম্যান উপজেলা |

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৪/০৫/২০২২

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ৬১৬ (৪০)

তারিখ ঃ ২৪/৫/২০২২ খ্রি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৪/৫/২২

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।